

“ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)
এর ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী সচিব
সভার তারিখ	৩১/০৫/২০২৩
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক গত ০৭ ফেব্রুয়ারী, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ১ম পিএসসি সভার কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সম্মানিত সদস্যদের কোনো প্রকার সংযোজন-বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক ১ম পিএসসি সভার বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের সার্বিক অগ্রগতি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি.আই.সি) এর ২য় সভার সুপারিশসমূহ সভায় উপস্থাপন করেন।

০৩। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৬২৩৪.১৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে ২০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প অফিসের জন্য ২.৮০ লক্ষ টাকার অফিস সরঞ্জামাদি এবং ১.৫৫৮ লক্ষ টাকার কম্পিউটার সামগ্রী এবং ৪.১০ লক্ষ টাকার আসবাবপত্র ক্রয় করা হয়েছে। এছাড়া প্রকল্প অফিসের জন্য ০১ জন অফিস সহায়ক নিয়োগ করা হয়েছে। ইতোমধ্যে ৮.৯৩৩৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটি “বি” ক্যাটাগরি বিধায় উক্ত প্রকল্পের চলতি অর্থ বছরের বরাদ্দের ১৫% অর্থ সংরক্ষিত রাখার বিধান রয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দের ২০ লক্ষ টাকা হতে ১৭ লক্ষ টাকা ব্যয় করা যাবে। এছাড়া কম্পিউটার সামগ্রী, আসবাবপত্র এবং আপ্যায়ন ব্যয় খাতে সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে বিধায় ৬.০৯ লক্ষ টাকা ব্যয় করার সুযোগ নেই।

০৪। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্পের লে-আউটের মধ্যে ০২ টি তিনতলা ভবন ভেঙ্গে অপসারণের নিমিত্ত দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়া হাসপাতাল ভবন (পুনর্বাসন) এর ৬ষ্ঠ তলার উর্দ্ধমুখী সম্প্রসারণ ও পুনঃসংস্কার এবং ০১টি বেজম্যান্টসহ ১৩ তলা ড্রাগ ডি-এডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণের জন্য শীঘ্রই দরপত্র আহ্বান করা হবে।

০৫। অতঃপর প্রকল্প পরিচালক বলেন, ১ম পিএসসি সভায় প্রকল্পের পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার সিদ্ধান্ত হয়। পূর্ত কাজের প্রাক্কলন সংক্রান্ত জটিলতা থাকায় এখনও পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা সম্ভব হয়নি। তিনি বলেন, প্রকল্পটি গণপূর্ত রোট শিডিউল, ২০১৮ অনুযায়ী অনুমোদিত হয়। ইতোমধ্যে গণপূর্ত রোট শিডিউল, ২০২২ প্রণীত

হয়েছে এবং ২০২৩ সালে রিভিশন হয়েছে। প্রকল্প সংশোধনের বিষয়ে পিএসসি সভায় আলোচনা করার বিষয়ে ২য় পিআইসি সভায় সিদ্ধান্ত হয়েছিল। এ বিষয়ে অদ্য সভায় আলোচনা হতে পারে।

০৬। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, ঢাকা বলেন, অদ্যই পূর্ত কাজের ক্রয়-পরিকল্পনা প্রস্তুতপূর্বক ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

০৭। সভাপতি প্রকল্পের পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা প্রস্তুতে বিলম্ব হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা প্রস্তুতপূর্বক সে মোতাবেক প্রকল্পের দরপত্র আহ্বানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, এখনই প্রকল্প সংশোধনের উদ্যোগ নেয়ার সুযোগ নেই। অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন বাঁধাগ্রস্থ হলেই কেবল ডিপিপি সংশোধনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) প্রকল্পের পূর্ণাঙ্গ ক্রয় ও কর্ম-পরিকল্পনা দ্রুত প্রস্তুত করে সুরক্ষা সেবা বিভাগের উন্নয়ন শাখা এবং মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে;

খ) প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয়-পরিকল্পনা মোতাবেকদ্রুত টেন্ডার কার্যক্রম শুরু করতে হবে;

গ) ডিপিপি অনুযায়ী নিয়মিত পিএসসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

ঘ) গণপূর্ত অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী

সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩.১১০


তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০

১৩ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ২) কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৬) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
- ৭) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

- ৮) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
- ১১) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
- ১২) নির্বাহী স্থপতি , বিভাগ-১৫, স্থাপত্য অধিদপ্তর
- ১৩) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ মোশারফ হোসেন

উপসচিব